

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৩১৩

৯৬/ কুরআন ও সুন্নাহকে শক্তভাবে ধরে থাকা (كتاب الاعتصام بالكتاب والسنة)

পরিচ্ছেদঃ ৯৬/১১. আল্লাহর বাণীঃ অথবা তোমাদেরকে দলে দলে ভাগ করতে...। (সূরাহ আন'আম ৬/৬৫)

بَابِ فِي قَوْلِ اللهِ تَعَالَى {أَوْ يَلْبِسَكُمْ شِيَعًا}

আরবী

عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ يَقُولُ لَمَّا نَزَلَ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم (قُلْ هُوَ الْقَادِرُ عَلَى أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ) قَالَ أَعُوذُ بِوَجْهِكَ فَلَمَّا نَزَلَتْ (أَوْ يَلْبِسَكُمْ شَيِعًا وَيُذِيقَ بَعْضَكُمْ بَأْسَ بَعْضِ) قَالَ هَاتَانِ أَهْوَنُ أَوْ أَيْسَرُ

বাংলা

৭৩১৩. জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উপর এ আয়াতঃ বল, তিনি সক্ষম তোমাদের উর্ধ্বদেশ থেকে শান্তি প্রেরণ করতে.....অবতীর্ণ হল, তখন তিনি বললেনঃ (হে আল্লাহ্!) আমি আপনার কাছে (এমন আযাব থেকে) আশ্রয় প্রার্থনা করি (তারপর যখন অবতীর্ণ হল) অথবা তোমাদের পায়ের নিচে থেকে। তখনও তিনি বললেনঃ (হে আল্লাহ্!) আমি আপনার নিকট (এমন আযাব থেকে) আশ্রয় প্রার্থনা করি। এরপর যখন নাযিল হলঃ অথবা তোমাদেরকে দলে দলে ভাগ করতে এবং একদলকে অপর দলের সংঘর্ষের স্বাদ আস্বাদন করাতে তখন তিনি বললেনঃ এ দুটি অপেক্ষাকৃত নরম অথবা বলেছেনঃ অপেক্ষাকৃত সহজ।[1] [৪৬২৮] (আধুনিক প্রকাশনী- ৬৮০৩, ইসলামিক ফাউন্ডেশন- ৬৮১৫)

English

Narrated Jabir bin `Abdullah:

When the (following) Verse was revealed to Allah's Messenger (ﷺ): 'Say: He has power to send torment on you from above,'..(6.65) he said, "O Allah! I seek refuge with Your Face (from that punishment)." And when this was revealed: '..or from beneath your feet.' (6.65) he said, "O Allah! I seek refuge with Your Face (from that)." And when this Verse was revealed: '..or to cover you with confusion in partystrife, and make you to taste the violence of one



another,'...(6.65) he said: "These two warnings are easier (than the previous ones).

ফুটনোট

[1] অধিকাংশ মুসলিম দেশগুলোতে নিজেদের মধ্যে দলাদলি আর বিভক্তির কারণে হত্যা, হানাহানি আর অশান্তির আগুন জ্বলছে। ইহুদী, মুশরিক, খৃস্টানরা মুনাফিক মুসলিমদের সাহায্যে মুসলিম দেশগুলোতে ধ্বংসযজ্ঞ চালিয়ে যাচেছে। এর মূল কারণ বর্তমান মুসলিম সমাজ কুরআন ও সহীহ্ সুন্নাহ্ নির্ভর প্রকৃত ইসলামের সোজা সরল পথ থেকে সরে গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন